# সূচিপত্র

১. নাগরিক রেজিস্ট্রেশন ------------------------------------------------------------------------ 2

২. ও টি পি ভেরিফিকেশন -------------------------------------------------------------------------3

৩. পাসওয়ার্ড সেট ---------------------------------------------------------------------------------3

৪. নাগরিক লগইন ---------------------------------------------------------------------------------4


৫. নাগরিক প্রোফাইল ------------------------------------------------------------------------------5

৬. সেবা অনুসন্ধান ---------------------------------------------------------------------------------6


৭. আবেদন প্রক্রিয়া --------------------------------------------------------------------------------7-8

৮. নাগরিক ড্যাশবোর্ড ----------------------------------------------------------------------------9

**‘www.mygov.bd’** এ লিংকে ক্লিক করলে **MyGov** এর হোম পেইজ চলে আসবে। নাগরিক **MyGov** প্ল্যাটফর্মে সেবা পেতে হলে তাকে প্রথমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। একবার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়ে গেলে **MyGov** এর যেকোন সেবা পেতে আর রেজিস্ট্রেশন করতে হবে না। রেজিষ্ট্রেশন সংক্রান্ত ভিডিওটি দেখতে **‘লিংক’** এ ক্লিক করুন। নাগরিক **MyGov** এ রেজিস্ট্রেশন করতে হলে হোম পেইজে এ **‘রেজিস্ট্রেশন বাটনে’** ক্লিক করতে হবে।




আপনার **‘নাম ও মোবাইল নম্বর’** দিয়ে রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করুন।




এখানে ইংরেজিতে নাম লিখুন

এখানে ইংরেজিতে মোবাইল নম্বর লিখুন

রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করুন

**রেজিস্ট্রেশন করুন** বাটনে ক্লিক করলে আপনার প্রদানকৃত মোবাইল নম্বরে **‘৬ ডিজিটের OTP’** আসবে। কোডটি সঠিকভাবে নির্দিষ্ট স্থানে বসিয়ে **‘সাবমিট করুন’** বাটনে ক্লিক করন।












**OTP** সাবমিট করার পর আপনার পছন্দ মতো **পাসওয়ার্ড** সেট করুন অথবা **OTP কে পাসওয়ার্ড** হিসেবে সেট করতে পারেন। এরপর পাসওয়ার্ড হালনাগাদ করুন বাটনে ক্লিক করুন

রেজিস্ট্রেশন সম্পন্ন হলে **‘নাগরিক লগইন’** বাটনে ক্লিক করে **MyGov** পোর্টালে লগইন করতে পারবেন।





লগইন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন এ ব্যবহৃত মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে **‘লগইন করুন’** বাটনে ক্লিক করুন।

লগইন সম্পন্ন হলে ব্যাক্তিগত তথ্য ও ডকুমেন্ট সংরক্ষণ এর জন্য **‘প্রোফাইল’** বাটনে ক্লিক করে প্রফাইলে প্রবেশ করুন।






প্রোফাইল অংশে প্রবেশ করে আপনার **‘ছবি আপলোড করুন’** এবং ব্যাক্তিগত তথ্য প্রদান করুন।

**‘ডকুমেন্ট আপলোড’** বাটনে ক্লিক করে প্রয়োজনীয় ডুকুমেন্ট সংরক্ষণ করন।


তথ্য পূরণ এর পর **‘হালনাগাদ করুন’** বাটনে ক্লিক করলে আপনার তথ্য আপডেট হয়ে যাবে।



সেবা নিতে **‘সেবা অনুসন্ধান করুন’** এ সেবার নাম লিখে **‘অনুসন্ধান’** বাটনে ক্লিক করুন অথবা





**‘মন্ত্রণালয়/দপ্তর ভিত্তিক’** বাটনে ক্লিক করুন।





সার্চ অপশনে দপ্তরের নাম লিখুন

এরপর বস্ত্র ও পাট মন্ত্রণালয় সিলেক্ট করুন।


দপ্তর অনুসারে সেবা নিতে **‘বস্ত্র অধিদপ্তর’** সিলেক্ট করুন।




সেবা পেতে **‘ব্যবসা সংক্রান্ত (G2B) সেবা’** বাটনে ক্লিক করে আপনার প্রয়োজনীয় সেবা সিলেক্ট করে আবেদন করুন।





**‘আবেদন করুন’** বাটনে ক্লিক করলে আবেদন ফর্মে নিয়ে যাবে।



উদাহরণসরূপ কোনো একটি প্রতিষ্ঠান তার ২য় এডহক ইন্ডাষ্ট্রিয়াল ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (শিল্প আই আর সি) জারীর সুপারিশ জন্য আবেদন দাখিল করবেন।
আবেদন দাখিলের ক্ষেত্রে তাকে যে প্রক্রিয়া অনুসরণ করতে হবে তা নিম্নে বর্ণনা করা হলোঃ

**১। প্রথমে নিচের ধাপ সমূহ অনুসরণ করে প্রাপক অফিস নির্বাচন করতে হবে।**




**'আবেদন করুন'** বাটনে ক্লিক করে **'প্রাপক অফিস'** অংশে গিয়ে **'বাছাই করুন'** ড্রপডাউনে ক্লিক করে অফিস স্তর হিসেবে **'অধিদপ্তর'** বাছাই করবেন।


**'অধিদপ্তর'** এর নিচের **'বাছাই করুন'** ড্রপডাউনে ক্লিক করে **'বস্ত্র অধিদপ্তর'** বাছাই করবেন।

২। এরপর ফরমের সকল তথ্য সঠিক ভাবে পূরণ করতে হবে।

৩। সকল তথ্য পূরণ করার পর নির্ধারিত ফি বাবদ ১০০০ টাকা নিচের এ চালান লিংক এ ক্লিক করে পরিশোধ করতে হবে।

| ফি এর নাম | চালান কোড | টাকার পরিমাণ | মাধ্যম |
|---|---|---|---|
| নিবন্ধন ফি | ১৪২২২০২ | ১০০০ টাকা | এ-চালান লিংক |

৪। এবার আবেদনের **'সংযুক্তি'**  অংশে আপলোড বাটনে ক্লিক করে প্রয়োজনীয় সংযুক্তি আপলোড করতে হবে।


৫। আপলোড সম্পন্ন হয়ে গেলে **'আবেদনটি দপ্তরে দাখিল করুন'** বাটনে  ক্লিক করুন ।


৬। 'আবেদনটি দপ্তরে দাখিল করুন'বাটনে ক্লিক করলে আবেদনটির প্রিভিউ দেখাবে। এরপর এর নিচে **'আবেদন দাখিল করুন'**  বাটনে ক্লিক করে আপনার আবেদন দাখিল সম্পন্ন করতে হবে।



আবেদন দাখিল সম্পন্ন হয়ে গেলে আবেদনকারীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যেমে নোটিফিকেশন পাওয়া যাবে। এছাড়া আবেদনকারী তার প্রোফাইলের ড্যাশবোর্ডে আবেদনের সর্বশেষ অবস্থা দেখতে পারবে।

আবেদনের বর্তমান অবস্থা জানতে ও সার্টিফিকেট ডাউনলোড করতে নিম্নে দেখানো ফ্লো অনুসরণ করুন।




**‘আবেদনের অবস্থা’** বাটনে ক্লিক করন




আবেদনের ট্র্যাকিং নম্বর প্রদান করে **‘অনুসন্ধান’** বাটনে ক্লিক করুন

আবেদন নিষ্পন্ন হয়ে গেলে **‘ডাউনলোড’** অপশনে ক্লিক করে সার্টিফিকেট ডাউনলোড করতে পারবেন

